

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৭৬৭

শান্তিরবাজার, ১০ জুলাই ২০২৪

**কালা লাউগাঙ বু শরনাথী পুনর্বাসন কেন্দ্র ইংলিশ মিডিয়াম বিদ্যালয়ের উদ্বোধন**

শান্তিরবাজার মহকুমার কালা লাউগাঙ বু শরনাথী পুনর্বাসন কেন্দ্রে আজ গলকু একাডেমি ইংলিশ মিডিয়াম উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ের উদ্বোধন হয়েছে। বিদ্যালয়ের উদ্বোধন করেন বিধায়ক প্রমোদ রিয়াৎ। বু শরনাথীদের ছেলে-মেয়েদের পড়াশোনার জন্য অস্ত্রায়ীভাবে এই বিদ্যালয়ের ভবনটি নির্মাণ করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শান্তিরবাজার পূর্ব পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, এমডিসি সঞ্জীব রিয়াৎ, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহৃতা স্মিতা মল, মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য, উচ্চ শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা রাকেশ দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জেলার শিক্ষা আধিকারিক সুবীর মজুমদার। এই বিদ্যালয়ে পুনর্বাসন প্রাপ্ত ৬৩৩টি বু শরনাথীদের পরিবারের ছেলে-মেয়েরা পড়াশোনার সুযোগ পাবে। ইতিমধ্যে ২৮৭ জন ছেলে-মেয়ে বিদ্যালয়ে পড়াশোনা শুরু করেছে। সর্বশিক্ষা অভিযানে এই বিদ্যালয়ের পাকা আবাস নির্মাণের জন্য ১ কোটি ২৪ লক্ষ ২৫ হাজার টাকা মঞ্চুর করা হয়েছে।

\*\*\*\*\*